



“তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্প

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮৮০-২-৫৫০০৬৮৮৫ ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৮৮৭ ই-মেইল: epwdpbcc@gmail.com Web: www.bcc.gov.bd

তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” (Empowerment of Persons with Disabilities including NDD through ICT)

প্রকল্পের মেয়াদ : জুলাই ২০১৭- জুন ২০২০ সাল পর্যন্ত
মোট বরাদ্দ : ২৪৮৬.৮৮ লক্ষ (সম্পূর্ণ জিওবি)
২০১৮-২০১৯ অর্থ-বছরে বরাদ্দ : ৮০০.০০ লক্ষ [রাজস্ব-৪৬৬.০০ লক্ষ এবং মূলধন-৩৩৪.০০ লক্ষ]

প্রকল্পের পটভূমিঃ বিশ্বব্যাংক এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক যৌথভাবে প্রাকশিত একটি প্রতিবেদনে বলা হয়েছে বিশ্ব প্রতিবন্ধী জনগোষ্ঠী ১৫%। এটা দেশ বা অঞ্চলভেদে পরিবর্তিত হতে পারে। বাংলাদেশে এখন পর্যন্ত ব্যাপক ভিত্তিক কোন জরিপ বা সমীক্ষা হয়নি এবং বাংলাদেশের প্রতিবন্ধী ব্যক্তিদের উপর কোন নির্ভরযোগ্য তথ্য নেই। ২০১৫ সালের এক জরিপে দেখা গেছে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের মোট প্রতিবন্ধী ব্যক্তিদের সংখ্যা ৯.১০%। এই হিসাব অনুযায়ী বাংলাদেশে মোট প্রতিবন্ধী প্রায় ১,২০,৯১,৪৫৮ জন।

দেশের ব্যাপক ভিত্তিক উন্নয়ন সত্ত্বেও প্রতিবন্ধী মানুষের জীবন মানের তেমন কোন পরিবর্তন হয় নাই। বাংলাদেশ সরকার ইতোমধ্যেই জাতিসংঘের প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার বিষয়ক সনদ অনু-স্বাক্ষর করেছে এবং উক্ত সনদের উপর ভিত্তি করে বাংলাদেশ সরকার “প্রতিবন্ধীদের অধিকার ও সুরক্ষা আইন ২০১৩” পাশ করেছে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের জন্য জাতীয় পরিকল্পনাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। কিন্তু গৃহীত এ কর্মসূচিগুলো চাহিদার থেকে তুলনামূলকভাবে খুবই সীমিত। প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নের মূল স্রোতধারায় একীভূত না করে দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। এ বিবেচনায় বাংলাদেশ সরকার প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটিতে প্রবেশগম্যতা বৃদ্ধির লক্ষ্যে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে যা তাদের আইসিটিতে দক্ষতা বাড়ানোর সাথে সাথে কর্মসংস্থানের সম্ভবনা সৃষ্টি করবে।

প্রকল্পের উদ্দেশ্য এবং এ সংশ্লিষ্ট কম্পোনেন্টসমূহঃ

উদ্দেশ্যসমূহ	কম্পোনেন্টসমূহ
নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কণ্ঠ এবং ইশারা ভাষার নির্দেশনা সহ আইসিটি প্রশিক্ষণ এর জন্য বিশেষায়িত অডিও এবং ভিডিও টিউটোরিয়াল তৈরী;	সফটওয়্যার উন্নয়ন <ul style="list-style-type: none">• অডিও-ভিডিও টিউটোরিয়াল• কনটেন্ট (দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য)• ই-লার্নিং প্ল্যাটফর্ম (জব পোর্টাল, ডাটাবেজ)• মোবাইল অ্যাপস
প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষায়িত এবং অভিগম্য একটি জাতীয় ই-লার্নিং প্ল্যাটফর্ম তৈরী করা, যেখানে আইসিটি প্রশিক্ষণ এর জন্য কণ্ঠ এবং ইশারা ভাষা সহ অডিও-ভিডিও টিউটোরিয়াল থাকবে,	

ই-লানিং প্ল্যাটফর্মে চাকুরীদাতা ও গ্রহীতাদের জন্য একটি জব পোর্টাল অন্তর্ভুক্ত থাকবে। প্ল্যাটফর্মটির কিছু লিংক ব্যবহার করার জন্য একটি মোবাইল এ্যাপস তৈরী;	
বিসিসি'র ৭টি আঞ্চলিক কার্যালয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ ও কর্মসংস্থানে সহায়তা করার জন্য ৭টি রিসোর্স সেন্টার প্রতিষ্ঠা করা হবে।	বিসিসি'র ৭টি আঞ্চলিক কার্যালয়ে ৭টি রিসোর্স সেন্টার স্থাপন <ul style="list-style-type: none"> • (একটি ল্যাবের কম্পিউটারসহ আনুষঙ্গিক যন্ত্রাদী সরবরাহ)
রিসোর্স সেন্টারের মাধ্যমে ২৮০ জন এনডিডিসহ মোট ২৮০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়াও ১৪০ জন মাস্টার ট্রেনার দেশের ৭০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অধীনে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ২১০জন হেলথ এ্যালাইড প্রফেশনাল, ৩৫০জন কমিউনিটি ডেভোলপমেন্ট এক্সপার্ট ও ৭০০জন শিক্ষককে ডিজ্যাবিলিটি ওরিয়েন্টেশন প্রশিক্ষণ দেয়া হবে।	প্রশিক্ষণ (আইসিটি): <ul style="list-style-type: none"> • ১৪০জন মাস্টার ট্রেনার (বিসিসি, সমাজসেবা এবং আইসিটি অধিদপ্তরের কর্মকর্তা); • ২৮০০ প্রতিবন্ধী ব্যক্তি এর মধ্যে ২৮০জন এনডিডি; প্রশিক্ষণ (ডিজ্যাবিলিটি ওরিয়েন্টেশন) <ul style="list-style-type: none"> • ২১০ হেলস এ্যালাইড প্রফেশনাল; • ৩৫০ জন কমিউনিটি ডিজ্যাবিলিটি এক্সপার্ট • ৭০০ জন শিক্ষক
প্রকল্পের মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্ত ৮০ ভাগ প্রতিবন্ধী ব্যক্তিকে আইটি এবং অন্যান্য সেস্টরে চাকুরী দেয়া এবং ফ্রিল্যান্সার হিসেবে আউটসোর্সিং কাজে প্রশিক্ষণ সহায়তা দেয়া হবে।	বিভিন্ন চাকুরীদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ, সমঝোতা স্মারক চুক্তি এবং চাকুরী মেলা আয়োজনের মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্ত প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানে সহায়তা করা হবে।
প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে আইসিটিকে জনপ্রিয় করার জন্য সারাদেশে ব্যাপকভিত্তিক প্রচার-প্রচারণার ব্যবস্থা করা হবে;	সারাদেশে ব্যাপকভিত্তিক প্রচার-প্রচারণার জন্য বিসিসি'র আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে সেমিনার/ কর্মশালা এবং সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ক্যাম্পেইনের আয়োজন করা হবে।

তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” শীর্ষক প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি ও অর্জন:

- জানুয়ারী ২০১৮ মাসে অনুষ্ঠিত চাকুরী মেলার মাধ্যমে মোট ১৬৭ জন প্রতিবন্ধী ব্যক্তির চাকুরী নিশ্চিত করা সম্ভব হয়েছে।
- বিসিসি'র ৬টি আঞ্চলিক কার্যালয়ে আইসিটি রিসোর্স সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে;
- ২০১৮-২০১৯ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিশেষায়িত সফটওয়্যার উন্নয়নের লক্ষ্যে আহবানকৃত EOI মূল্যায়নের ভিত্তিতে RFP প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে;
- দেশের ৭টি বিভাগীয় পর্যায়ে রংপুরসহ বিসিসি'র ৬টি আঞ্চলিক কার্যালয়ে প্রকল্পের অংশীজনদের জন্য জুন-২০১৮ এর মধ্যে সেমিনার অনুষ্ঠিত হয়েছে বর্তমান অর্থ বছরে তা কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পন্ন হবে।
- দেশের ৭টি বিভাগীয় শহরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার ও প্রচারণার জন্য ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে বর্তমান অর্থ বছরে তা কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পন্ন হবে।
- আউটসোর্সিং এর মাধ্যমে ৭ জন প্রশিক্ষক (আইটি) এবং ৭ জন (এনডিডি প্রশিক্ষক কাম প্লেসমেন্ট অফিসার নিয়োগ করা হয়েছে;

- নিয়োগকৃত প্রশিক্ষকগণ, সমাজ সেবা অধিদপ্তর ও আইসিটি অধিদপ্তর মনোনীত সদস্যগণসহ মাস্টার টেইনারদের জন্য কোর্স কারিকুলাম তৈরী করা হয়েছে। আশা করা যায়, ডিসেম্বর ২০১৮ মাস হতে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে।
- চলতি অর্থবছরের ৩০ নভেম্বর'২০১৮ পর্যন্ত ২০৪.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আর্থিক অগ্রগতি ৮.২০% বাস্তব অগ্রগতি ২২.৭৭%



প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরে অনুষ্ঠিত বিভাগীয় পর্যায়ে সেমিনার ও শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার-প্রচারণা এবং ক্যাম্পেইনের অংশ বিশেষের ছবি

